



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

ফোন : ৮১১৩৬০১-৬, ৮১১৬৮৮৪৬, ৮১২৪২০৫-৭

ই-মেইল : prec @ dhaka.net

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

ওয়েব সাইট : www.ecs-gov.bd

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৬/১৪৭০

তারিখঃ ০৭-০৭-২০০৬


সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকার বিধি সংশোধন-বাড়ি বাড়ি গমনঃ

নির্বাচন কমিশন ভোটার তালিকা বিধিমালা, ১৯৮২ অনুযায়ী বিদ্যমান ভোটার তালিকায় অন্তর্ভুক্তিকরণ, ভুল সংশোধন ও কর্তন সংক্রান্ত যে কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করেছে তাতে বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের তথ্য সংগ্রহের কোন সুযোগ ছিল না। ফলে, নির্বাচন কমিশন এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসারকে তাঁর অফিসে, সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা অফিসে বা ওয়ার্ড অফিসে বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড অফিসে অথবা ওয়ার্ডের অন্তর্গত কোন সুবিধাজনক অবস্থানে থেকে সম্পন্ন করার নির্দেশ প্রদান করে।

তবে, এ বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক সংগঠন ও সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার ব্যক্তিবর্গ ও বিভিন্ন মহল থেকে মতামত প্রদান করা হয়েছে যে, বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ এর কাজ করা হলে কাজটি সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে।

নির্বাচন কমিশন বিষয়টির গুরুত্ব বিবেচনা করে ভোটার তালিকা বিধিমালা, ১৯৮২ এর ২০(১) বিধির বিধান প্রয়োগ শিথিল করে ৬ জুলাই, ২০০৬ তারিখে সংশোধনীর মাধ্যমে নতুন বিধি সংযোজন করেছে। এক্ষেত্রে, বিধিমালায় নতুন বিধান সংযোজনের ফলে নির্বাচন কমিশন বিদ্যমান ভোটার তালিকা হালনাগাদ এর লক্ষ্যে বর্তমানে গৃহীত ব্যবস্থার পাশাপাশি বাড়ি বাড়ি যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে।


(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা(সিঃসিঃ)